

ডাক মেয়াদী বীমা



পলিসি নং.....

যেহেতু, অপর পৃষ্ঠার তফসিলে বর্ণিত নামে প্রস্তাবক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি, অতঃপর ইহাতে 'রাষ্ট্রপতি' বলিয়া উল্লেখিত, এর নিকট উক্ত তফসিলে বর্ণিত বীমার জন্য একটি প্রস্তাব এবং ঘোষণা পত্র জমা দিয়াছেন এবং সম্মত হইয়াছেন যে, তৎকর্তৃক স্বাক্ষরিত উক্ত প্রস্তাব ও ঘোষণা পত্র এই মেয়াদী বীমা চুক্তির ভিত্তি হইবে।

এবং যেহেতু রাষ্ট্রপতি প্রস্তাবটি গ্রহণ করিয়াছেন এবং তফসিলে বর্ণিত শর্ত ও মূল্যের মেয়াদী বীমা গ্রহণ-পত্রের শর্তানুযায়ী প্রস্তাবকের পরিশোধকৃত প্রথম বীমাকিস্তি প্রাপ্ত হইয়াছেন।

সেহেতু, এক্ষণে, এতদ্বারা ঘোষণা করা এবং সম্মতি প্রদান করা যাইতেছে যে, উল্লেখিত প্রস্তাবক ডাক বিভাগের মহাপরিচালক, অতঃপর 'মহাপরিচালক' বলিয়া উল্লেখিত, যদ্বারা সাময়িকভাবে মহাপরিচালকের পক্ষে কার্য সম্পাদনকারী কোনো অফিসার অথবা তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত যে কোন অফিসারকে বুঝাইবে, এর নিকট তফসিলে উল্লেখিত পরবর্তী মাসিক কিস্তিসমূহ, অথবা তাঁহার মৃত্যু পর্যন্ত, যাহা অগ্রে সংঘটিত হইবে, পরিশোধ করিলে রাষ্ট্রপতি তফসিলে উল্লেখিত বীমা অংকের টাকা, বোনাসসহ যদি থাকে, উক্ত তফসিলের শর্তানুযায়ী যে ঘটনা সংঘটিত হইলে উক্ত টাকা, পরিশোধযোগ্য হইবে সেই সম্পর্কে এবং দাবীকারী ব্যক্তি বা ব্যক্তিগণের স্বত্ব সম্পর্কে মহাপরিচালকের সন্তোষ সাপেক্ষে প্রমাণিত হইবার পর যে ব্যক্তি বা ব্যক্তিগণের নিকট উক্ত টাকা পরিশোধযোগ্য বলিয়া উহাতে উল্লেখ রহিয়াছে তাহার বা তাহাদের নিকট পরিশোধ করিবেন।

সর্বথা শর্ত থাকে যে এই চুক্তি (১) যদি পূর্বোক্ত প্রস্তাব ও ঘোষণা-পত্রের বিবৃতি অসত্য হয়, তাহা হইলে বাতিল হইয়া যাইবে এবং ইহাতে উল্লেখিত প্রস্তাবকের পরিশোধকৃত অর্থ বাজেয়াপ্ত হইয়া যাইবে; এবং (২) যদি প্রস্তাবক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সাধারণ যাত্রীবহনের অনুমোদনপ্রাপ্ত বিমানে ভাড়া পরিশোধকারী যাত্রী হিসাবে ব্যতীত বিমান ভ্রমণকালে মৃত্যুবরণ করেন, তাহা হইলে কেবল পলিসির অর্জিত সমর্পণ মূল্য পরিশোধযোগ্য হইবে, এই শর্তে যে সমর্পণমূল্য কেবল তখনই প্রদান করা হইবে যখন দুই বৎসরের বীমাকিস্তি পরিশোধ থাকিবে এবং পলিসির স্থিতিকাল দুই বৎসরের কম হইবে না।

এতদ্বারা এই তারিখে প্রস্তাবকের বয়স তফসিলের বর্ণনামতে গ্রহণ করা হইল।

ডেপুটি রিজিওনাল ম্যানেজার,
ডাক জীবন বীমা
রাষ্ট্রপতির পক্ষে

তারিখ.....দিন.....২০১.....

বিঃ দ্রঃ-ডাক জীবন বীমা তফসিল বিধিমালার শর্ত সাপেক্ষে এই পলিসি মঞ্জুর করা হইল।

বিপিও/প্রেস/১০-২০১৬/৫০,০০০ কপি

তফসিল

	পলিসি নং ও ঝুঁকি গ্রহণ তারিখ	বীমাকৃত অংক	টাকা পয়সা
প্রস্তাবকের নাম, পদবী ও ঠিকানা স্বত্বভোগীর নাম এবং প্রস্তাবকের সহিত তাঁহার সম্পর্ক। প্রদেয় সর্বশেষ বীমাকিস্তির মাস।			মাসিক প্রদেয় বীমাকিস্তি
			প্রস্তাবকের জন্ম তারিখ
			প্রস্তাবের তারিখ
			ঘোষণার তারিখ
			গ্রহণের তারিখ
			অন্তর্ভুক্তিকালের বয়স পূর্ণতা-প্রাপ্তির তারিখ

বীমার শ্রেণী

যে তারিখে বীমাকৃত টাকা পরিশোধযোগ্য হইবে।

যে সময়ের মধ্যে বীমাকিস্তি পরিশোধযোগ্য।

বীমাকৃত টাকা কাহাকে পরিশোধ করিতে হইবে।

বিবাহের জন্য মেয়াদী বীমা।

পূর্ণতা-প্রাপ্তির তারিখ।

চুক্তিবদ্ধ চূড়ান্ত পরিশোধের মাস অথবা তৎপূর্বে প্রস্তাবকের
মৃত্যু পর্যন্ত।

প্রস্তাবককে, যদি জীবিত থাকেন, অন্যথায় স্বত্বভোগীকে,
যদি জীবিত থাকেন; নতুবা প্রস্তাবক ও স্বত্বভোগীর স্থলে
নিয়োজিত কার্যনির্বাহক প্রশাসককে।

হস্তান্তর দলিল

৩৫/১০

ডাক জীবন বীমা

পলিসি নং.....

নাম.....

পলিসির শ্রেণী.....

বীমাকৃত টাকা.....

বীমা কিস্তির টাকা.....

শেষ বীমা কিস্তির প্রদেয় টাকা.....

পূর্ণতা- প্রাপ্তির তারিখ.....